

বাউবি/এসএসএস/বিএ;বিএসএস(অনার্স)/জেনাঃ/৪২(২৪)/২০২৩/২৩৫

তারিখ: ১৬ মার্চ ১৪৩২ বঙ্গাব্দ
৩০ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

আঞ্চলিক পরিচালক (সকল)
বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
গাজীপুর - ১৭০৫।

বিষয় : বাউবির সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল থেকে প্রাপ্ত ০৪ বছর মেয়াদি বিএ (অনার্স), বিএসএস (অনার্স) প্রোগ্রামের শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এসএসএইচএল পরিচালিত ০৪ বছর মেয়াদি বিএ (অনার্স) এবং বিএসএস (অনার্স) প্রোগ্রামের ৩য়, ৫ম, ৬ষ্ঠ ও ৭ম সেমিস্টারের যেসকল শিক্ষার্থীগণ এখন পর্যন্ত সেমিস্টার রেজিস্ট্রেশন করেননি তাদের রেজিস্ট্রেশন ফিস আগামী ০১ ফেব্রুয়ারি, ২০২৬ থেকে ০৭ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখ পর্যন্ত জমাদানের বিষয়টি কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছে। আগামী ০৭.০২.২০২৬ তারিখের মধ্যে OSAPS-এর মাধ্যমে সেই সকল শিক্ষার্থীগণ সংশ্লিষ্ট সেমিস্টারের রেজিস্ট্রেশন ফি জমা দিতে পারবেন। উল্লেখ্য যে, ২০১৯ সালের পূর্ববর্তী ব্যাচসমূহ তাদের সেমিস্টার রেজিস্ট্রেশন ফি সংশ্লিষ্ট ব্যাংকের মাধ্যমে জমা করে এবং জমা রশিদ বাউবির স্ব স্ব আঞ্চলিক পরিচালক বরাবর জমা দিবেন।

বিষয়টি অতিরিক্ত জরুরী বিধায় সংশ্লিষ্ট শিক্ষার্থীদের অবগত করা এবং এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিনীত অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে,

মো. জাহাঙ্গীর আলম
উপ-পরিচালক
এসএসএস বিভাগ, বাউবি।

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে।

১. রেজিস্ট্রার, বাউবি। পরবর্তী একাডেমিক কাউন্সিলে রিপোর্ট করার জন্য অনুরোধ করা হলো।
২. ডিন, এসএসএইচএল, বাউবি।
৩. পরিচালক অর্থ ও হিসাব, বাউবি।
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, বাউবি।
৫. পরিচালক, কম্পিউটার বিভাগ, বাউবি। বিষয়টি ওয়েব পেইজের নোটিশ বোর্ডে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
৬. আইসিটি হেড, আইসিটি এন্ড ই-লার্নিং সেন্টার, বাউবি। OSAPS-এর মাধ্যমে রেজিস্ট্রেশন/কোর্স ফি গ্রহণ করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, এ বিষয়ে বাউবি/এসএসএস/বিএ;বিএসএস (অনার্স)/জেনাঃ/৪২(২৪)/২০২৩/২৪১৮; তারিখ ৩০.১০.২০২৫ সংখ্যক স্মারকে জারি করা হয়েছিল (কপি সংযুক্ত)।
৭. যুগ্ম-পরিচালক, ছাত্র নির্দেশনা ও পরামর্শদান দপ্তর, বাউবি।
৮. একান্ত সচিব, মাননীয় উপাচার্যের দপ্তর, বাউবি। উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য।
৯. যুগ্ম-পরিচালক, উপ-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের দপ্তর, বাউবি {উপ-উপাচার্য (শিক্ষা) মহোদয়ের সদয় অবগতির জন্য}।
১০. সংরক্ষণ নথি।